

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১১৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২০. দ্বিতীয় অনুচ্ছেদ - রাগ ও অহংকার

আরবী

رُعُن

عَطِيَّة بِن عُرْوَة السعديِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الْغَضَبَ مِنَ الشَّيْطَانِ وَإِنَّ الشَّيْطَانِ وَإِنَّ الشَّيْطَانِ وَإِنَّمَا يُطْفَأُ النَّارُ بِالْمَاءِ فَإِذَا غَضِبَ أَحَدُكُمْ فَلْيَتَوَضَّأْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৫১১৩-[১০] 'আতিয়্যাহ্ ইবনু 'উরওয়াহ্ আস্ সা'দী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রাগ শয়তানের পক্ষ থেকে আসে এবং শয়তানকে আগুন দ্বারা সৃষ্টি করা হয়েছে। আগুন পানি দ্বারা নেভানো যায়। যখন তোমাদের মধ্যে কারো রাগ আসে, তবে সে যেন উযূ করে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪৭৮৪, য'ঈফুল জামি' ১৫১০, য'ঈফাহ্ ৫৮২, আহমাদ ১৭৯৮৫, শু'আবুল ঈমান ৮২৯১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৩৮৮১।

আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে আল কালিমুত্ব ত্বইয়িব ২২৭ নং হাদীসে সহীহ বলেছিলেন। পরবর্তীতে ৫৮২৯ নং হাদীসে য'ঈফাতে উল্লেখ করেছেন। তিনি বলেন, আমি তার কোন শাহিদ হাদীস পাইনি। فليغسل এর পরিবর্তে শব্দ পেয়েছি। তবে তার সানাদ মাজহূল, য'ঈফ। দেখুন- তারাজু'আতে আলবানী ১/২১ পৃঃ, হাঃ ১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ الْفَضَبَ مِنَ الشَّيْطَانِ) অর্থাৎ- রাগ হলো শয়তানের কুমন্ত্রণা এবং কুপ্রভাব। তাই শয়তানের কুপ্রভাবেই মানুষ রাগান্বিত হয়। সুতরাং রাগের অবস্থায় উযু করলে রাগ দূর হয়ে যায়। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৪৭৭৬)



وَإِنَّ الشَّيْطَانَ خُلِقَ مِنَ النَّارِ) উক্ত হাদীসাংশ থেকে প্রমাণিত হয় যে, শয়তান মালায়িকাহ্'র (ফেরেশতাদের) অন্তর্ভুক্ত ছিল না। কারণ মালায়িকাহ্ হলো নূরের বা আলো থেকে তৈরি আর শয়তান হলো আগুন থেকে তৈরি।

(فَانَا غَضِبَ أَحَدُكُمُ فَلْيَتَوَضَّأً) এখানে রাগের সময় উযূ করার নির্দেশ প্রদান করা হয়েছে। কারণ রাগ আসে শয়তান থেকে আর শয়তানকে তৈরি করা হয়েছে আগুন থেকে। যেহেতু পানি আগুনকে নিভিয়ে দিতে পারে, তাই উযূর মাধ্যমে রাগকেও দমন করা যেতে পারে। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আতিয়্যাহ্ ইবনু 'উরওয়াহ্ আস্ সা'দী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন